

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রিজিওনাল প্ল্যানিং  
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.২৯

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫

২৯ মে ২০১৮

বিষয়: “আয়কর ভবন, কর অঞ্চল- নারায়ণগঞ্জ” প্রকল্প বাস্তবায়নের জন্য ১৮৪ (একশত চুরাশি) শতাংশ জমি কর অঞ্চল-নারায়নগঞ্জের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।  
সূত্র: সূত্র-১: তাঁর দপ্তরের স্মারক নং- কঃঅঃনাঃ/কর ভবন/অঃপঃ/২০১৭-২০১৮/১২৪৬, তারিখঃ ২২/০৫/২০১৮ ইং  
সূত্র-২: তাঁর দপ্তরের স্মারক নং- কঃঅঃনাঃ/কর ভবন/২০১৭-২০১৮/৭৪৪, তারিখঃ ২৮/১১/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১নং স্মারকের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অনলাইনে রিটার্ন দাখিলসহ একই ছাদের নীচে রাজস্ব আদায় সম্পর্কিত সকল কাজ সম্পাদনপূর্বক করবান্ধব পরিবেশ তৈরী ও কর সেবার মানোন্নয়নের জন্য জেলা পর্যায়ে নিজস্ব আয়কর ভবন নির্মাণের জন্য ১৮৪(একশত চুরাশি) একর ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র চাওয়া হয়েছে। প্রস্তাবিত এলাকার দাগ নিম্নরূপঃ

মৌজার নাম	আর এস দাগ নম্বর	মোট জমির পরিমাণ
ইসদাইর, জে এল ৩৫	১০৮, ১০৯, ১১০(আংশিক)	১৮৪ শতাংশ

অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রত্যাশী সংস্থা কর্তৃক RAJUK এর অনাপত্তি পত্র (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩০.৩৬.০৩৩.১৭-২০৮, তারিখ-২৭/০২/২০১৮ খ্রি.), সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন এবং উক্ত জমিতে কোন মামলা নাই মর্মে প্রত্যয়ন পত্র সরবরাহ করা হয়েছে। অত্র দপ্তরে প্রেরণকৃত তথ্য ও উপাত্ত যাচাই করে দেখা যায় যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের Detailed Area Plan (DAP) এর তথ্য ও উপাত্ত অনুযায়ী ইসদাইর (জে এল ৩৫) মৌজার প্রস্তাবিত দাগ নম্বর এর ভূমি ব্যবহার Urban Residential Zone হিসেবে চিহ্নিত রয়েছে এবং প্রস্তাবিত এলাকায় Detailed Area Plan (DAP) এর একটি ৬০ফিট রাস্তার প্রস্তাবনা আছে। Detailed Area Plan (DAP) এর রিপোর্টে Urban Residential Zone এ office হিসেবে ব্যবহারের কোন নির্দেশনা নাই।

এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকৃত এলাকায় দাগ নম্বর ১০৯ তে একটি এবং দাগ নম্বর ১১০ এ দুইটি এক তলা টিনসেড সেমি পাকা বাড়ী রয়েছে। প্রস্তাবিত দাগ নম্বর ১০৮ এবং ১১০ এর উপর দিয়ে বিদ্যমান একটি রাস্তা রয়েছে। এছাড়া বাকি এলাকায় কোনো ধরনের স্থাপনা নাই। উল্লেখ্য যে, ঢাকা - নারায়ণগঞ্জ লিংক রোড এবং প্রস্তাবিত জায়গার পূর্ব পার্শ্বে জেলা প্রশাসক এবং পুলিশ সুপারের কার্যালয় গড়ে উঠেছে বিধায় এলাকাটি Administrative Zone হিসেবে ঘোষণা করা যুক্তিযুক্ত।


প্রস্তাবিত এলাকাটি জনস্বার্থে ব্যবহার হবে বিধায় ইসদাইর (জে এল ৩৫) মৌজার জমি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাইঃ

১. প্রস্তাবিত এলাকাটির গেজেট সংশোধন করে Urban Residential Zone এর শ্রেণী পরিবর্তন করে Administrative Zone করতে হবে।
২. Detailed Area Plan (DAP) এ প্রস্তাবিত ৬০ ফিট রাস্তার জন্য চিহ্নিত স্থান এবং বিদ্যমান ১৬ ফিট রাস্তাটি সংরক্ষণ করতে হবে।

৩. অনলাইনে রিটার্ন দাখিলসহ একই ছাদের নীচে রাজস্ব আদায় সম্পর্কিত সকল কাজ সম্পাদন হবে বিধায় প্রচুর জনসমাগম হবে। এ কারণে **Dropping** এর জন্য পর্যাপ্ত (কমপক্ষে ৩ মিটার) জায়গা ছেড়ে দিতে হবে।

সংযুক্তিঃ

১. ফিল্ড সার্ভে ম্যাপ।
২. গুগলের উপর এলাকা চিহ্নিত ম্যাপ।
৩. **Contour** ম্যাপ।
৪. **Detailed Area Plan (DAP)** ম্যাপে প্রস্তাবিত জমি চিহ্নিত ম্যাপ।
৫. বিদ্যমান রাস্তা এবং প্রস্তাবিত রাস্তা চিহ্নিত ম্যাপ।
৬. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (RAJUK) এর অনাপত্তি পত্র।
৭. **Urban Residential Zone** এর **permitted use** ও **Conditional use** এর তালিকা।



৯-৫-২০১৮

কার্জী মোঃ ফজলুল হক  
সিনিয়র প্ল্যানার

রনজিত কুমার সাহা , কর কমিশনার  
এইচ আর কমপ্লেক্স, পূর্ব ইসদাইর, ফতুল্লা, নারায়নগঞ্জ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.২৯/১(৩)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫  
২৯ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)



৯-৫-২০১৮

ইসরাত জাহান  
প্ল্যানার